রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.০৬৫—বাংলাদেশের বহুল আকাঙ্ক্ষিত পদ্মা সেতু প্রকল্পে কানাডার পরামর্শক প্রতিষ্ঠান এসএনসি-লাভালিন-কে ঘুষ-দুর্নীতির মাধ্যমে কাজ পাইয়ে দেওয়ার অভিযোগে কানাডার আদালতে দায়েরকৃত মামলা গত ১০ জানুয়ারি ২০১৭ তারিখে খারিজ হয়ে যায়। আদালত উক্ত অভিযোগকে অন্তঃসারশূন্য, কল্পনাপ্রসূত এবং গালগল্পভিত্তিক হিসেবে আখ্যায়িত করে। বিশ্বব্যাংক পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ উত্থাপন করে বাংলাদেশকে হেয় প্রতিপন্ন করার যে ভিত্তিহীন অপপ্রয়াস গ্রহণ করেছিল, এই রায়ের ফলে তা অমূলক পর্যবসিত হল। বিশ্বের দরবারে বাংলাদেশের মর্যাদাপূর্ণ অবস্থান অধিকতর সুসংহত হল।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্র ও জনগণের মর্যাদা সমুন্নত রেখে কোনরূপ বিদেশি অর্থায়ন ব্যতিরেকে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের যে সময়ানুগ উদ্যোগ দৃঢ়তার সঙ্গে গ্রহণ করেছিলেন তা যথার্থ প্রমাণিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের ফলে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে এবং বাংলাদেশের মর্যাদা সমুন্নত রয়েছে।

৩। পদ্মা সেতু প্রকল্পের সফল বাস্তবায়ন এবং বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ০১ ফাল্গুন ১৪২৩/১৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব



**মূল্য ঃ** টাকা ৪.০০

# মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ০১ ফাল্গুন ১৪২৩ / ১৩ ফেব্রুয়ারি ২০১৭

বাংলাদেশের বহুল আকাঙ্ক্ষিত পদ্মা সেতু প্রকল্পে কানাডার পরামর্শক প্রতিষ্ঠান এসএনসি-লাভালিন-কে ঘুষ-দুর্নীতির মাধ্যমে কাজ পাইয়ে দেওয়ার অভিযোগে কানাডার আদালতে দায়েরকৃত মামলা গত ১০ জানুয়ারি ২০১৭ তারিখে খারিজ হয়ে যায়। আদালত উক্ত অভিযোগকে অন্তঃসারশূন্য, কল্পনাপ্রসূত এবং গালগল্পভিত্তিক হিসেবে আখ্যায়িত করে। বিশ্বব্যাংক পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির ষড়যন্ত্রের অভিযোগ উত্থাপন করে বাংলাদেশকে হেয় প্রতিপন্ন করার যে ভিত্তিহীন অপপ্রয়াস গ্রহণ করেছিল, এই রায়ের ফলে তা অমূলক পর্যবসিত হল। বিশ্বের দরবারে বাংলাদেশের মর্যাদাপূর্ণ অবস্থান অধিকতর সুসংহত হল।

বাংলাদেশের বক্তব্য আমলে না নিয়ে অযৌক্তিক ও একতরফাভাবে বিশ্বব্যাংক পদ্মা সেতু প্রকল্পে দুর্নীতির চেষ্টার অভিযোগ এনে ঋণ-চুক্তি বাতিল করে। বিশ্বব্যাংকের অনুসরণে এশীয় উন্নয়ন ব্যাংকসহ অন্যান্য দাতাসংস্থাও বর্ণিত প্রকল্পে অর্থায়ন থেকে সরে দাঁড়ায়। ফলে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হয়।

বিশ্বব্যাংকের গৃহীত পদক্ষেপের কারণে পদ্মা সেতু প্রকল্পটি বাস্তবায়নে বিলম্ব ঘটার পরিপ্রেক্ষিতে একদিকে যেমন প্রকল্প-ব্যয়ের বৃদ্ধি ঘটেছে অন্যদিকে তেমনি সম্ভাব্য জিডিপি'র প্রবৃদ্ধি এবং দেশের পশ্চিমাঞ্চলের কাঙ্ক্ষিত আর্থ-সামাজিক উন্নয়ন বিলম্বিত হয়েছে।

পদ্মা সেতু সংক্রান্ত চুক্তিটি বাতিলের ক্ষেত্রে বিশ্বব্যাংকের পদক্ষেপ ছিল অত্যন্ত অযৌক্তিক, ভিত্তিহীন ও অগ্রহণযোগ্য। এরূপ প্রতিকূল পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্র ও জনগণের মর্যাদা সমুন্নত রেখে কোনরূপ বিদেশি অর্থায়ন ব্যতিরেকে নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের যে সময়ানুগ উদ্যোগ দৃঢ়তার সঙ্গে গ্রহণ করেছিলেন তা যথার্থ প্রমাণিত হয়েছে।

মন্ত্রিসভা মনে করে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের ফলে আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে এবং এ রায়ে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় বাংলাদেশের মর্যাদা সমুন্নত রয়েছে। মন্ত্রিসভা আরও মনে করে যে, বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ অত্যাসন্ন।

পদ্মা সেতু প্রকল্পের সফল বাস্তবায়ন এবং বৈশ্বিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd